127

ভোরের কাগজ

তারিখ ... JAN. 6 . 1999 ..
পৃষ্ঠা 2 কলাম 7 ......

# বই বিতরণের জন্য প্রাথমিক বিদ্যালয় ১৪ জানুয়ারি পর্যন্ত খোলা রাখার নির্দেশ

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ছাত্রছাত্রীদের মধ্যে বিনামূল্যে বই বিতরণ অব্যাহত রাখার জন্য আগামী ১৪ জানুয়ারি পর্যন্ত সকল প্রাথমিক বিদ্যালয় খোলা রাখতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছে। গত ৩ জানুয়ারি থেকে শুরু হওয়া বই বিতরণ ঈদুল ফিতরের ছুটির পর আগামী ২৫ জানুয়ারি থেকে আবার শুরু হবে। সরকারি তথ্য বিবরণীর বরাত দিয়ে বাসস গতকাল এ খবর দিয়েছে।